গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.৩৬৩.০২৭.০০.০০.৭১৬(৩).২০১৬-৩৭ তারিখঃ ১৫/১১/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ আদর্শ দরপত্র দলিলের (STD-PW3) Tender Data Sheet- এ প্রদর্শিত যৌথ উদ্যোগ গঠনের ক্ষেত্রে অংশীদারদের ন্যূনতম যোগ্যতার বিষয়ে স্পষ্টীকরণ প্রসংগে।

সূত্র ঃ প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর স্মারক নং- এলজিইডি/সিই/পিইউ-৬৩ (অংশ-১)/২০১০/১৮৪২ তারিখ: ১৭/১০/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ২৭ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৫৪ তে কার্য ও ভৌত সেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় কার্যক্রমে অধিক প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে এককভাবে বা যৌথ উদ্যোগ (JVCA) গঠনের মাধ্যমে আবেদনপত্র, আগ্রহ ব্যক্তকরণের আবেদনপত্র, প্রস্তাব বা দরপত্র দাখিল করার বিধান রাখা হয়েছে। সে লক্ষ্যে কার্য ক্রয়ের জন্য সিপিটিইউ কর্তৃক প্রণীত আদর্শ দরপত্র দলিল PW3-এর Tender Data Sheet, ITT 18.2 Clause এ যৌথ উদ্যোগ (JVCA) গঠনের ক্ষেত্রে অংশীদারগণের ন্যূনতম যোগ্যতার ছকটি এমনভাবে সন্নিবেশিত করা হয়েছে যেন প্রয়োজনীয় মান বজায় রেখে অধিক সংখ্যক দরদাতা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে। ছকে প্রদত্ত অভিজ্ঞতার নিয়ামকগুলো পরিবর্তন করা হলে বিশেষত মুখ্য অংশীদার ভিন্ন অন্য অংশীদারদের বিশেষ অভিজ্ঞতা (Specific Experience) বাধ্যতামূলক করা হলেও প্রতিযোগিতা সীমিত হতে পারে কারণ ক্ষেত্র বিশেষে শুধুমাত্র আর্থিক সামর্থ বৃদ্ধির জন্য যৌথ উদ্যোগ (JVCA) গঠিত হয়, যেখানে অংশীদারদের বিশেষ অভিজ্ঞতা মুখ্য নয় এবং সেইক্ষেত্রে বিশেষ অভিজ্ঞতা আরোপ প্রতিযোগিতাকে সংকুচিত করে।

২। সেজন্যে সিপিটিইউ মনে করে অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করার স্বার্থে, আদর্শ দরপত্র দলিল PW3-এর Tender Data Sheet, ITT 18.2 Clause এ যৌথ উদ্যোগ (JVCA) গঠনের ক্ষেত্রে ব্যবহৃত ছকটি পরিবর্তন করা সমীচীন হবে না।

১৫/১১/২০১৬

(অজয় কুমার চক্রবর্তী)
উপপরিচালক (উপসচিব)
ফোনঃ ৯১৮০৬৬৪।
E-mail: ajaykcb7625@gmail.com

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/১৮৪২ তারিখঃ ১৭/১০/২০১৫ইং

প্রতি,

ম[illegible]পরিচালক
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

**বিষয়ঃ আদর্শ দরপত্র দলিলের (STD-PW3) Tender Data Sheet এ প্রদর্শিত যৌথ উদ্যোগ গঠনের ক্ষেত্রে অংশীদারদের ন্যূনতম যোগ্যতার বিষয়ে স্পষ্টীকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিপিআর' ২০০৮ এর বিধি ৫৪(৬) অনুযায়ী যৌথ উদ্যোগের মূখ্য অংশীদার ও অন্যান্য অংশীদারগণের ন্যূনতম যোগ্যতার শর্ত দরপত্র দলিলে উল্লেখের কথা বলা আছে। দরপত্র দলিলের TDS সেকশনে দরপত্র দাতাদের যোগ্যতার শর্ত নির্ধাণের ক্ষেত্রে ক্রয়কারীকে ক্ষমতা প্রদান করা হয়েছে। কিন্তু আদর্শ দরপত্র দলিলের (STD-PW3) TDS এর ITT 18.2 অংশে (সংযুক্ত) যৌথ উদ্যোগ গঠণের ক্ষেত্রে অংশগ্রহণকারী অংশীদারদের ন্যূনতম যোগ্যতা নির্দিষ্ট (Fixed) করে ছকে উপস্থাপনপূর্বক উল্লেখ করা হয়েছে। এক্ষনে, ছকে উল্লেখিত ন্যূনতম যোগ্যতা মেনে চলা ক্রয়কারীর জন্য বাধ্যতামূলক কিনা বা এর পরিবর্তনের এখতিয়ার ক্রয়কারীর রয়েছে কিনা বিষয়টির স্পষ্টীকরণ হওয়া প্রয়োজন। উদাহরণস্বরূপ আদর্শ দরপত্র দলিল অনুযায়ী ছকে Specific Experience এর যোগ্যতার ক্ষেত্রে মূখ্য অংশীদার বাদে অন্যান্য অংশীদারদের অভিজ্ঞতার বিষয়ে "Minimum Requirment Not Applicable" উল্লেখ করা হলেও বাস্তবতার নিরিখে কোন কোন কাজের দরপত্র দলিল প্রস্তুতের সময় অন্যান্য অংশীদারদের অভিজ্ঞতা উল্লেখ করার প্রয়োজনীয়তা ক্রয়কারীর নিকট অনুভূত হয়। সেক্ষেত্রে ক্রয়কারী কর্তৃক অন্যান্য অংশীদারদের Specific Experience উল্লেখ করার বিষয়টি ছকে উপস্থাপন করার এখতিয়ার রয়েছে কিনা অর্থাৎ ছকে নির্দিষ্ট করে দেয়া Minimum Qualification Criteria নির্ধারনে ক্রয়কারীর Flexibility রয়েছে কিনা বিষয়টির স্পষ্টীকরণ প্রয়োজন। এমতাবস্থায়, এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(শ্যামা প্রসাদ [illegible])
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc